ISO 9001, ISO 14001&
OHSAS 18001 Certified

# সভাপতি
# টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

## এবং

# সচিব
# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা
## এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## ০১ জুলাই ২০১৮- জুন ২০১৯

# সূচীপত্র

উপক্রমণিকা

টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

সেকশন-১ : টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি এর রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mssion), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী

সেকশন-২ : কাযক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ

সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচক সমূহ, বাস্তবায়নকারী কার্যালয় সমূহ এবং পরিমান পদ্ধতি

সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোড এর আওতাধীন পবিস সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে:-

সভাপতি,
টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোড

এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১০ তারিখে
এই বার্ষিক চুক্তি স্বাক্ষরিত।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন;

## টাঙ্গাইল পবিস কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Tangail PBS)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :
সাম্প্রতিক তিন বছরের (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮) প্রধান অর্জনসমূহঃ

টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি টাঙ্গাইল জেলার টাঙ্গাইল সদর, মির্জাপুর, দেলদুয়ার, বাসাইল, সখিপুর, কালিহাতী ও নাগরপুর এবং সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার (আংশিক) এর শহর ও পল্লী অঞ্চল সমন্বয়ে ২০২৪ বর্গকিঃমিঃ এলাকা নিয়ে টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে টাঙ্গাইল পবিস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে । বিগত তিন বৎসরে ২৬৩৬.২৮৭ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মান সম্পন্ন করা হয়েছে । বিগত তিন বৎসরে ১,৮২,৮৪৯ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

অত্র পবিসের ১৪টি উপকেন্দ্রের ক্ষমতা ১৮৫ এমভিএ সম্প্রতি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পের আওতায় উপকেন্দ্র নির্মান ও আপগ্রেডের কাজ সম্পন্ন করা হয়েছে।

১.৮ মিলিয়ন গ্রাহক সংযোগ প্রকল্প এর আওতায় দেলদুয়ার-২ (পাথরাইল) ১০ এমভিএ উপকেন্দ্র নির্মান সম্পন্ন ।
১.৮ মিলিয়ন এর আওতায় মির্জাপুর-৩ (পাঁচগাও) ১০ এমভিএ উপকেন্দ্র নির্মান সম্পন্ন ।
১.৮ মিলিয়ন এর আওতায় মির্জাপুর-৪ (জামুর্কী) ১০ এমভিএ উপকেন্দ্র নির্মান সম্পন্ন ।
১.৮ মিলিয়ন এর আওতায় টাংগাইল সদর ১৫ এমভিএ হতে ২০ এমভিএ তে উন্নীত করণ।
ডিডিপি-২ এর আওতায় নাগরপুর ১০ এমভিএ উপকেন্দ্রকে ২০ এমভিএ তে উন্নীত করণ।
ইউআরইডিএস- প্রকল্পের আওতায় টাঙ্গাইল-২( ইন্দ্রবেলতা)২০ এমভিএ নির্মাণ পূর্বক চালু করা হয়েছে।

অত্র পবিসে বর্তমানে কোন ৩৩ কেভি ফিডার ওভারলোড নাই তবে ভবিষ্যতে লোড বৃদ্ধি বিবেচনায় ইউআরইডিএস প্রকল্পের আওতায় ১০টি ৩৩ কেভি ফিডার নির্মাণাধীন রয়েছে। উক্ত ফিডারসমূহ নির্মিত হলে লোড এর সুষম বন্টনপূবক লোড বিভাজন করা হবে। যার ফলে সিষ্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে আনয়ন সম্ভব হবে।
গত অর্থ বৎসরে(২০১৬-২০১৭) বকেয়া মাস ০.৯৬ অর্জন করা হয়েছে। বর্তমানে ০১টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে এবং আগামী ডিসেম্বর' ২০১৮ নাগাদ আরও ০২টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন করার কার্যক্রম চলছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ
১) অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ১০৬ মেঃওঃ পর্যন্ত চাহিদা অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া গিয়েছে। গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ।
২) অত্র সমিতির ১৪টি উপকেন্দ্রের ৫৪টি ১১ কেভি ফিডারে ৭,৪২২.৮৯০ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন রয়েছে। ফলে গাছ-গাছালি সমৃদ্ধ গ্রামীণ এলাকায় দূর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য অপর একটি চ্যালেঞ্জ।
৩) শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল অত্র পবিসের পক্ষে পিডিবি, পিজিসিবি' র বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ নগদ মূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য দুষ্কর।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**
ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে টাঙ্গাইল পবিস এর আওতাধীন সকল উপজেলায় আগামী ডিসেম্বর/২০১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে। গ্রাহকগণের চাহিদা পূরণের লক্ষ্যে বাপবিবোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পের আওতায় উপকেন্দ্রের নির্মাণ কাজ চলমান রয়েছে।

১.৫ মিলিয়ন গ্রাহক সংযোগ প্রকল্প এর আওতায় মির্জাপুর-৭ (সৈয়দপুর) ১০ এমভিএ উপকেন্দ্রের নির্মাণ কাজ চলমান আছে।
১.৫ মিলিয়ন গ্রাহক সংযোগ প্রকল্প এর আওতায় কালিহাতী-৩ (ভন্ডেশ্বর) ২০ এমভিএ উপকেন্দ্র জমি অধিগ্রহণের জন্য সাত(০৭) ধারা নোটিশ জারি করা হয়েছে।
ডিডিপি-২ এর আওতায় টাঙ্গাইল-৩ (ক্ষুদিরামপুর) ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণ কাজ চলমান।
ইউআরইডিএস-মির্জাপুর-৫ (ভাদগ্রাম) ২০ এমভিএ উপকেন্দ্র নির্মাণ চলমান।
ইউআরইডিএস-মির্জাপুর-৬ (বাওয়ারকুমারজানী) ২০ এমভিএ উপকেন্দ্র নির্মাণ চলমান।

বর্তমানে ৫টি ৩৩ কেভি ফিডারের মাধ্যমে ২টি গ্রীড উপকেন্দ্র হতে বিদ্যুৎ গ্রহণ করা হয়ে থাকে। ভবিষ্যত লোড বৃদ্ধি বিবেচনায় আরও ১০টি ৩৩ কেভি ফিডার প্রকল্পের আওতায় নির্মাণাধীন। এ ছাড়া বর্ধিত লোড মোকাবেলার জন্য আরও ০৫টি উপকেন্দ্র শতভাগ প্রকল্পের আওতায় অন্তর্ভূক্ত করা হয়েছে। মির্জাপুর ও ধামরাই গ্রীড নির্মাণ শেষ হলে ০৪টি গ্রীড এর মাধ্যমে ৩৩ কেভি লাইন রিং সংযোগ করা হবে। সেই ক্ষেত্রে বিদ্যুৎ গ্রাহকগণ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ পাবেন।
ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা পূরণ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে টাঙ্গাইল সদর উপজেলায় পিজিসিবি কর্তৃক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হলে সিষ্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে আনয়ন সম্ভব হবে। পাশাপাশি বকেয়া মাস ১.০০ এর মধ্যে সীমাবদ্ধ রাখা এবং ০২ বছরের মধ্যে পর্যায়ক্রমে গ্রাহক প্রান্তে প্রি-পেইড মিটার স্থাপন করা হবে।

**২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

০১॥ অত্র পবিসের আওতাধীন ০৫টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
০২॥ ০৫টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ।
০৩॥ পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।
০৪॥ বকেয়ার মাস ১.০০ এর মধ্যে সীমাবদ্ধ রাখা।
০৫॥ সিষ্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে সীমাবদ্ধ রাখা।

আমি, সভাপতি টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি সচিব , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষীঃ

স্বাক্ষরিত

তারিখঃ ১০/০৬/২০১৮ খ্রিঃ

(ইঞ্জিঃ মোঃ মুখলেছ গনি)
সিনিয়র জেনারেল ম্যানেজার
টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

..........................................
সিনিয়র জেনারেল ম্যানেজার
টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

সভাপতি
সমিতি বোর্ড
টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতি

..........................................
সভাপতি
টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি

..........................................
পরিচালক, পবিস মনিটরিং ব্যবস্থাপনা ও পরিচালন,
(কেঃ অঃ) পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ঢাকা।

পরিচালক
পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

..........................................
সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ঢাকা।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড,

**সেকশন ১:**

টাংগাইল পবিস এর রূপকল্প (Vision), অভলিক্ষ্য (Mission), কৌশলগত উদ্দশ্যেসমূহ এবং কার্যাবলী

১.১ রুপকল্প (Vision) : টাঙ্গাইল পবিস এর আওতাধীন সকল জনগনকে গুনগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২অভিলক্ষ্য (Mission) : ডিসেম্বর/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

১.৩ কৌশলগত উদ্দশ্যেসমূহ ( Strategic Objective)ঃ

০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।

০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।

০৩। বিদ্যুৎ সুবিধা প্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।

০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ( Compulsory Strategic Objective)ঃ

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।

০২। কর্ম পদ্ধতি ও সেবার মানোন্নয়ন।

০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।

০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।

০৫। তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ ও বাস্তবায়ন জোরদার করা।

০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলী (Functi ons) :

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারনের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।

০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিষ্টেম লস হ্রাসকরন।

০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।

০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।

০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।

০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরন।

০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।

০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবাহের পথ স্বত্ব মুক্তকরণ।

০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।

১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।

১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমে সুষ্ঠ কর্ম পরিবেশ ও সুশাসন প্রতিষ্টা।

১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।

১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করন।

## সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য ,অগ্রাধিকার ,কাযক্রম ,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

### টাঙ্গাইল পবিস

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* এপ্রিল'১৮ পর্যন্ত | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশি-ষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale) | % | ২৬ | ১০.৭৮% | ১০.০৯% | ৯.৯৫% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৫ | ১ | ১.১৪ | ১.০০ | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale) | % | ১ | ৯৭.৮৩% | ৯৬.৬৭% | ৯৯.০০% | | | | | | |
| | | | 4. Payment of debt service liability (Tk' 000) | Tk,000 | ৭ | ২৪,৫০০ | ৪,৫০০ | ৭০,০০০ | | | | | | |
| | | | 5. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ৪ | ১.১৫ | ১.১২ | ১.০৫ | | | | | | |
| | | | 6. Rev. Per KM of Line w/o resale (TK)' 000 | Tk | ১ | ৩০৭.২৪ | ২৭৬.৭৯ | ৩০০ | | | | | | |
| | | | 7.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | KM | ১ | ৩৬.২৯% | ২০.৪৭% | ১০০% | | | | | | |
| | | | 8. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৬.৩৬% | ৬.১৬% | ৪.০০% | | | | | | |
| | | | 9.Percentage of Damaged Transformer repaired | % | ১ | ১০১.৬৯% | ৯৩.৩৪% | ১০০% | | | | | | |
| | | | 10. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৯০% | ৯০% | ৯০% | | | | | | |
| | | | 11. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ১০০% | ৮০.১২% | ১০০% | | | | | | |
| | | | 12.Improvement of Power Factor | | ১ | ০.৯৫ | ০.৭৬ | ০.৯২ | | | | | | |
| | | | 13. Action on Meter Report | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* এপ্রিল'১৮ পর্যন্ত | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | | 14. Average Training hour per Employee | Hour | ২ | ৮২ | ৭১.০৩ | ৭৫ | | | | | | |
| | | | 15. Timeliness to attend Consumer's complain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 16. No. of public Hearing | Hour | ২ | | | ৫০ | | | | | | |
| | | | 17. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ১৫৩৯ | ১৩০৬.০৫ | ৮০০ | | | | | | |
| | | | 18. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ১৪০ | ২৮.২৩ | ৫০ | | | | | | |
| | | | 19.% of overloaded Transformer ag.Total Installed | % | ১ | ০.৫০ | ৪২% | ০.২০ | | | | | | |
| | | | 20.% of New Connected Consumers | % | ২ | ১১২% | ৭১% | ১০০% | | | | | | |
| | | | 21.Accounts Payable | Month | ১ | ০.৯৭ | ১.০০ | ১.০০ | | | | | | |
| | | | 22.Inter PBS Transaction | % | 8 | | | ৯০% | | | | | | |

# বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
## (মোট নম্বর- ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত * | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

# সংযোজনী-১

শব্দ সংক্ষেপণ

(Acronyms)

| | |
|---|---|
| বিআরবি | বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড |
| পিবিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলমেন্ট বোর্ড |
| APA | Annual Performance Agreement |
| PI | Performance Indicator |
| পবিস/ পিবিএস | পল্লী বিদ্যুৎ সমিতি |
| পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পনী অব বাংলাদেশ লিমিডেট |
| KVA | কিলোভোল্ট এম্পিয়ার |
| KV | কিলোভোল্ট |
| MW | মেগাওয়াট |
| MVA | মেগাভোল্ট অ্যাম্পিয়ার |
| SAIDI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স |
| SAIFI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ফ্রিকোয়েন্সি ইনডেক্স |
| DSL | ডেবট সার্ভিস লায়াবিলিটি |
| KM | কিলোমিটার |
| ERC | Equipment Record Card |
| NS | National Integrity Strategy (জাতীয় শুদ্ধাচার কৌশল) |
| ই-মেইল | ইলেক্ট্রনিক মেইল |
| ROW | রাইট-অব-ওয়ে(পথস্বত্ব পরিষ্কার) |
| DNP | Disconnection for Nonpayment |
| TMLM | Transformer Maintenance & Load Management |
| SIP | Small Improvement Project |
| E-Filing | Electronic filing |

সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নং | কর্মসম্পাদন সূচকসমূহ, | বিবরণ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | সিস্টেম লস হ্রাস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে সমিতিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, কমপ্লেইন রেজিস্টার, ট্রেনিং ম্যানুয়াল ও রেজিস্টার | |
| ২। | বকেয়া মাস | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বাপবিবো'র বকেয়া হ্রাসকরণ | বিআরইবি, কৃষি ও ধর্ম মন্ত্রণালয় ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৩। | নতুন বিদ্যুৎ সংযোগ | বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৪। | গড় প্রশিক্ষণ প্রদান | বিদ্যুৎখাতে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৫। | SAIDI, SAIFI | গ্রাহকের নিকট নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৬। | Consumer Complain | গ্রাহক অভিযোগ প্রতিকার বাস্তবায়ন | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৭। | Accounts Payable | নিধারিত সময়ের মধ্যে বিপিডিবি ও পিজিসিবি'র বিল পরিশোধকরণ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৮। | Payment of DSL | যথাসময়ে বাপবিবো'র ঋনের কিস্তি পরিশোধ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |

সংযোজনী-৩

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা।

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিপিডিবি | বিদ্যুৎ ক্রয় | সিস্টেম লস | বিদ্যুৎ সরবরাহ | বিপিডিবি হতে পবিস বিদ্যুৎ ক্রয় করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না। |
| পিজিসিবি | বিদ্যুৎ সরবরাহ | সিস্টেম লস ও উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন | বিদ্যুৎ সঞ্চালন ও উপকেন্দ্র হতে বে, ব্রেকার সংযোজন | পিজিসিবি বিদ্যুৎ সঞ্চালন করে থাকে ও উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না ও নতুন সাবষ্টেশনে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করা যাবে না। |
| স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক, | বকেয়া আদায় | সমমাস | সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট হতে বকেয়া আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক,UIC ব্যাংক, টেলিটক | বিল কালেকশন | % | সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট হতে বকেয়া আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে। | বিল কালেকশন ও বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| কৃষি মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | কৃষি মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| ধর্ম মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | ধর্ম মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |